



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

পত্র নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/৬(০৭)/২০২২-২০২৩/

৩৩৪ (২২৫০)

তারিখঃ ০৬/০৯/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বাংলাদেশ ব্যাংক কর্তৃক আয়োজিত সিএমএসএমই ঋণ সংক্রান্ত জানুয়ারী-মার্চ, ২০২২ ত্রৈমাসিক পর্যালোচনা সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ যাচ্ছে।


০২। বিগত ২৭/০৭/২০২২ তারিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আয়োজিত সিএমএসএমই ঋণ সংক্রান্ত জানুয়ারী-মার্চ, ২০২২ ত্রৈমাসিক পর্যালোচনা সভায় উপস্থাপিত তথ্য/মতামত/প্রস্তাবনার উপর বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়েছেঃ

- সিএমএসএমই উদ্যোক্তাদের সরকার ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত সুবিধাদি সম্পর্কে অবগত করাসহ ক্লাস্টার অর্থায়ন ও নারী উদ্যোক্তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করতে হবে;
- এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯, তারিখঃ ০৫/০৯/২০১৯ মোতাবেক সিএমএসএমই ঋণস্থিতি বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে। ২০২২ সাল নাগাদ সিএমএসএমই ঋণস্থিতি হতে হবে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম স্থিতির ২৩% ;
- সিএমএসএমই খাতে শ্রেণীকৃত ঋণের হার সহনীয় পর্যায়ে কমিয়ে আনাসহ অন্যান্য ঋণকে সিএমএসএমই ঋণ হিসেবে প্রদর্শনে বিরত থাকতে হবে। শ্রেণীকৃত ঋণ আদায়সহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত নীতিগত সহায়তা (যেমনঃ Loan rescheduling, restructuring, one time exit ইত্যাদির) কার্যকর ব্যবহারের মাধ্যমে সিএমএসএমই ঋণের শ্রেণীকরণের হার সহনীয় পর্যায়ে নিয়ে আসতে হবে ;
- সিএমএসএমই প্রণোদনা প্যাকেজের তৃতীয় পর্যায়ের (২০২২-২০২৩ অর্থবছর) যোগ্যতা নিরূপণে গ্রাহকদের ২০২১ সালের আর্থিক বিবরণী বিবেচনায় নেয়া যাবে। এছাড়া তৃতীয় পর্যায়ের (২০২২-২০২৩ অর্থবছর) শুধুমাত্র নতুন গ্রাহকদের অনুকূলেই এ প্যাকেজের আওতায় ঋণ সুবিধা প্রদান করা যাবে। প্রণোদনা প্যাকেজের ঋণের অর্থ নির্ধারিত ব্যবসায়িক উদ্দেশ্য ব্যতিত অন্য খাতে ব্যবহার থেকে বিরত থাকতে হবে ;
- বিভিন্ন পুনঃঅর্থায়ন স্কিমসহ নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ সুবিধা সম্বলিত পুনঃঅর্থায়ন তহবিল হতে পুনঃঅর্থায়নের মাধ্যমে ব্যাংকসমূহকে নারী উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ বৃদ্ধি করতে হবে। এছাড়া যাচাই করে ক্লাস্টারে ইতোমধ্যে থাকা ঋণসমূহ ক্লাস্টার অর্থায়ন সংক্রান্ত স্টেটমেন্টে রিপোর্ট করতে হবে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত সিএমএসএমই ঋণ সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভায় গৃহিত সিদ্ধান্ত/নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়ন/পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ সাদিকুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯


বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক আয়োজিত সিএমএসএমই ঋণ সংক্রান্ত জানুয়ারী-মার্চ, ২০২২ ত্রৈমাসিক পর্যালোচনা সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

পত্র নং-প্রকা/ক্রঃবিঃ/শাখা-৪(এসএমই)/৬(০৭)/২০২২-২০২৩/ ৩৩৪(৩২৫০)

তারিখঃ ০৬/০৯/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


০৬/০৯/২০২২
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক